



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, কদমতলী, দক্ষিণ সুরমা, সিলেট।

স্মারক নং : সিশিবো/বিদ্যা/হবি/নিম্ন-মাধ্য-পা.অ/হবি-১৮২/১০১৩

তারিখঃ ১২/১১/২০১৫ খ্রিঃ

বিষয় : নিম্ন-মাধ্যমিক বিদ্যালয় হিসেবে পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নংঃ শাঃ ৪/১০এম-২৭/২০০২/১৩৭-শিক্ষা তারিখঃ ২৫/০৩/২০০৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিদ্যালয় মঞ্জুরী কমিটির সভার সিদ্ধান্তের আলোকে তাঁর বিদ্যালয়ে নিম্নবর্ণিত শর্তে ০১/০১/২০১৬ খ্রিঃ তারিখ থেকে ৩১/১২/২০১৮ খ্রিঃ পর্যন্ত ০৩(তিন) বৎসরের জন্য নিম্ন-মাধ্যমিক বিদ্যালয় হিসেবে পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান করা হল। নিম্নোক্ত শর্ত প্রতিপালনে ব্যর্থতায় উক্ত অনুমতি বাতিলের ক্ষমতা অত্র শিক্ষা বোর্ড সংরক্ষণ করে।

শর্ত সমূহ :

১. এ অনুমতির ফলে সরকারের উপর কোন আর্থিক দায়-দায়িত্ব বর্তাবে না।
২. এ অনুমতিকে কোন ভাবেই স্থায়ী স্বীকৃতি হিসেবে গণ্য করা যাবে না।
৩. শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নংঃ শিম/শাঃ১১/বিবিধ-৩৯/৯৬/২৩১(৬০৬), তারিখঃ ২৩/০৪/১৯৯৭ খ্রিঃ মোতাবেক জারীকৃত নির্দেশাবলী কঠোরভাবে অনুসরণ করতে হবে।
৪. রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীর শতভাগ জে এস সি পরীক্ষায় প্রেরণ নিশ্চিত করতে হবে।
৫. অনতিবিলম্বে “বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি প্রবিধানমালা-২০০৯ এর ৪৮ ধারানুযায়ী একটি নির্বাহী কমিটি গঠন করতে হবে।
৬. বিদ্যালয়ের আয়-ব্যয়ের হিসাব কমিটিতে উপস্থাপন পূর্বক অনুমোদন করতে হবে এবং কলামনার ক্যাশ বহিতে লিপিবদ্ধ করতঃ প্রতিষ্ঠান প্রধানকে অনুস্বাক্ষর করতে হবে।
৭. গ্রন্থাগারে বইয়ের সংখ্যা ১০০০ এ উন্নীত করতে হবে এবং রেজিস্ট্রারের মাধ্যমে শিক্ষক ও শিক্ষার্থীদের মধ্যে বিতরণের ব্যবস্থা করতে হবে।
৮. বিদ্যালয়ের জন্য প্রয়োজনীয় সংখ্যক আসবাবপত্র সংগ্রহ করতে হবে।
৯. বিদ্যালয়ে স্কাউট/ গার্লস গাইড দল গঠন করতে হবে এবং দলের রেজিস্ট্রেশন করাতে হবে।
১০. বিদ্যালয়ের সকল রেকর্ডপত্র যথানিয়মে সংরক্ষণ করতে হবে।
১১. বিদ্যালয়ের অঙ্গনে ফলজ ও বনজ বৃক্ষ রোপন করতঃ সুষ্ঠুভাবে রক্ষণাবেক্ষণের ব্যবস্থা নিশ্চিত করতে হবে।
১২. বিদ্যালয়ের সকল প্রকার আয় ব্যয়কে জমাকরতঃ ম্যানেজিং কমিটির সিদ্ধান্ত মোতাবেক খরচ করতে হবে।
১৩. প্রতিষ্ঠাতা ও দাতা সদস্যদের নাম (প্রয়োজ্য ক্ষেত্রে) দর্শনীয় স্থানে টাঙ্গিয়ে রাখতে হবে এবং কমিটি কর্তৃক অনুমোদিত তালিকা শিক্ষা বোর্ডে প্রেরণ করতে হবে।
১৪. বিদ্যালয়ের সামনের মাঠ খেলাধুলার উপযোগী করতে হবে।
১৫. ক্লাশ রুটিন যথাযথভাবে অনুসরণ করতে হবে এবং নিয়মিত টিউটোরিয়াল পরীক্ষা নিতে হবে।
১৬. পরিবেশিত কোন তথ্য ভুল/মিথ্যা প্রমাণিত হলে পাঠদানের অনুমতির আদেশ প্রত্যাহার করার ক্ষমতা অত্র শিক্ষা বোর্ড সংরক্ষণ করে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

(মোঃ কবির আহমদ) ২৫/১১/২০১৫

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

সিলেট।

প্রাপক : প্রধান শিক্ষক

তাহের শামছুন্নাহার নিম্ন-মাধ্যমিক বিদ্যালয়

ডাকঘর : চান্দপুর বাগান, উপজেলা : চুনারুঘাট

জেলা : হবিগঞ্জ।

সদয় অনুলিপি :

১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সিলেট অঞ্চল, সিলেট।
৪. উপজেলা নির্বাহী অফিসার, চুনারুঘাট, হবিগঞ্জ।
৫. জেলা শিক্ষা অফিসার, হবিগঞ্জ।
৬. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, চুনারুঘাট, হবিগঞ্জ।
৭. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।

